

কুমুদিনী কলেজের

অধ্যক্ষ লাঞ্চিত

টাঙ্গাইল সংবাদদাতা জানান, স্থানীয় সরকারী কুমুদিনী মহিলা মহাবিদ্যালয়ের অধ্যক্ষ আলফাজুর রহমান গত ১৬ই জানুয়ারী রাতে তাঁহার কলেজের বাসভবনে কতিপয় যুবকের হাতে প্রহৃত হইয়াছেন। তিনি জানান, প্রথমে একজন যুবক তাঁহাকে ডাক দিলে

( ৪র্থ পৃঃ ৩ঃ )

কুমুদিনী কলেজের

(৩য় পৃঃ পর)

তিনি বারান্দায় বাহির হন এবং সাত-আটজন যুবক অতিক্রমে ঝাপাইয়া পড়িয়া কিল-ঘষি মারিতে থাকে। তাঁহাকে রক্তাক্ত অবস্থায় টাঙ্গাইল জেনারেল হাসপাতালে নেওয়া হয় এবং প্রাথমিক চিকিৎসার পর ছাড়িয়া দেওয়া হয়। এ ব্যাপারে থানায় এজাহার দেওয়া হইয়াছে।

অধ্যক্ষকে আক্রমণ করার প্রতিবাদে গত ১৭ই জানুয়ারী কুমুদিনী মহাবিদ্যালয়ের শিক্ষক ও ছাত্রীরা ক্লাশ বর্জন করেন এবং দোষীদের যেকোনার দাবী সম্বলিত একটি স্মারকলিপি জেলা প্রশাসকের নিকট পেশ করা হয়।

18